

PRINT

সমকাল

বুয়েটের সমাবর্তনে রাষ্ট্রপতি

রডের বদলে বাঁশ দেওয়া প্রকৌশলী হবেন না

১১ ঘণ্টা আগে

সমকাল ডেস্ক



রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ দেশের চলমান উন্নয়ন কর্মসূচি জনবান্ধব ও টেকসই করার ক্ষেত্রে প্রকৌশলী ও প্রযুক্তিবিদদের জোর ভূমিকা রাখার আহ্বান জানিয়েছেন। গতকাল বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ১১তম সমাবর্তনে প্রধান অতিথির ভাষণে তিনি এ কথা বলেন। সমাবর্তনে ডিগ্রিপ্রাপ্তদের উদ্দেশে তিনি বলেন, কখনও সত্যের সঙ্গে মিথ্যার আপস করবে না। সাদাকে সাদা আর কালোকে কালো বলার সৎ সাহস রাখবে। সিমেন্টের বদলে বালি আর রডের বদলে বাঁশ দিয়ে বড় হওয়ার স্বপ্ন দেখবে না। খবর বাসস ও বিডিনিউজের।

দেশের প্রকৌশলী ও প্রযুক্তিবিদদের উদ্দেশে রাষ্ট্রপতি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বাধীনতার স্বপ্ন বাস্তবায়নে উন্নয়ন পরিকল্পনা 'ভিশন-২০২১ এবং ভিশন-২০৪১' গ্রহণ করেছেন। এই স্বপ্ন

বাস্তবায়নে আপনাদের যথাযথ ভূমিকা

রাখতে হবে।

রাষ্ট্রপতি ও এই বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর আরও বলেন, যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশ ইতিমধ্যেই উন্নয়নশীল দেশের মর্যাদা লাভ করেছে। দেশের সাহসী জনগণের ঐকান্তিক প্রচেষ্টা এবং সরকারের সময়োপযোগী পদক্ষেপের কারণেই এ মর্যাদা

অর্জন সম্ভব হয়েছে।

তিনি বুয়েটকে দেশের প্রকৌশল ও কারিগরি শিক্ষার সর্বোচ্চ বিদ্যাপীঠ উল্লেখ করে আশা প্রকাশ করেন, এই বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রি অর্জনকারীরা সময়ের দাবি পূরণে প্রকৌশল শিক্ষা ও গবেষণা আরও এগিয়ে নিতে অবদান রাখবেন।

রাষ্ট্রপতি দেশ থেকে মেধা পাচার বন্ধের ওপর জোর দিয়ে বলেন, প্রতি বছর বিপুলসংখ্যক প্রকৌশলী, প্রযুক্তিবিদ, স্থপতি এবং পরিকল্পনাবিদ উচ্চশিক্ষার জন্য ইউরোপ, যুক্তরাষ্ট্রসহ উন্নত দেশগুলোতে যাচ্ছেন এবং তাদের মধ্যে অনেকেই আর দেশে ফিরে আসছেন না। এ কারণে দেশ ও জনগণ তাদের সেবা থেকে বঞ্চিত হচ্ছে।

রাষ্ট্রপতি সদ্য স্নাতক ডিগ্রি অর্জনকারীদের অভিনন্দন জানিয়ে ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত ও সমৃদ্ধশালী দেশ হিসেবে গড়ে তুলতে তাদের মেধা ও সৃষ্টিশীলতা কাজে লাগিয়ে সর্বাত্মক প্রচেষ্টা চালানোর আহ্বান জানান।

রাষ্ট্রপতি বলেন, বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ সফল উৎক্ষেপণের পর বাংলাদেশ এখন মহাকাশ স্যাটেলাইট জগতের গর্বিত অংশীদার। তিনি বলেন, সরকার বহুমুখী পদ্মা সেতু, বিভিন্ন বিদ্যুৎ প্রকল্প, পায়রা সমুদ্রবন্দর, ঢাকা মেট্রোরেল, এলিভেটেড এক্সপ্রেস হাইওয়েসহ বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে।

রাষ্ট্রপতি বন্যা, নদীভাঙন, নদী শাসন, পানি সরবরাহ ও স্যুরারেজ ব্যবস্থাপনা, জলাবদ্ধতাসহ প্রাকৃতিক দুর্ঘটনার মতো জলবায়ু পরিবর্তনজনিত সমস্যা মোকাবেলায় সরকারের দীর্ঘমেয়াদি উন্নয়ন পরিকল্পনার অংশ হিসেবে 'বাংলাদেশ ডেল্টা-প্ল্যান ২১০০' বাস্তবায়নে অবদান রাখতে প্রকৌশলীদের প্রতি আহ্বান জানান।

কনভোকেশনে ২০১১ সালের ১ জানুয়ারি থেকে ২০১৮ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত শিক্ষাবর্ষের বিভিন্ন বিভাগ থেকে পাঁচ হাজার ২৮৪ শিক্ষার্থী গ্র্যাজুয়েট, পোস্ট গ্র্যাজুয়েট এবং পিএইচডি ডিগ্রি সনদ গ্রহণ করেন। ১৮ শিক্ষার্থী সর্বোচ্চ নম্বরপ্রাপ্তির জন্য স্বর্ণপদক লাভ করেন।

অনুষ্ঠানে সাবেক অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত সমাবর্তন বক্তব্য রাখেন। শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, বুয়েট উপাচার্য অধ্যাপক ড. সাইফুল ইসলাম, বিভিন্ন ফ্যাকাল্টির ডিন যথাক্রমে- অধ্যাপক মো. রফিক উল্লাহ, অধ্যাপক শেখ সেকেন্দার আলী, অধ্যাপক মো. মাহাবুবুল আলম, অধ্যাপক মো. সাইফুর রহমান এবং অধ্যাপক ফরিদা নিলুফার মঞ্চে ছিলেন।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:
ad.samakalonline@outlook.com